

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চরভদ্রাসন, ফরিদপুর

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চরভদ্রাসন উপজেলা কমান্ড নির্বাচন ২০২২-২০২৩
(www.unocharbhadrason.gov.bd)

স্মারক নং-০৫.১২.২৯২১.০০০.১৮.০০৮.২৩- ২৭৭

তারিখঃ ১৬-০৩-২০২৩ খ্রি.

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি তানজিলা কবির ত্রপা, উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	: ১৯-০৩-২০২৩ (রবিবার)
০২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	: ২২-০৩-২০২৩ (বুধবার)
০৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	: ২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
০৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	: ০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফশিল:

ক্রমিক	বিবরণ	সময়কাল
০১	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ০৫-০৪-২০২৩ (রবিবার)
০২	মনোনয়নপত্র বাছাই	: ০৯-০৪-২০২৩ (রবিবার)
০৩	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	: ১১-০৪-২০২৩ (মঙ্গলবার)
০৪	আপিল নিষ্পত্তির তারিখ	: ১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
০৫	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	: ১৬-০৪-২০২৩ (রবিবার)
০৬	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	: ১৭-০৪-২০২৩ (সোমবার)
০৭	প্রতীক বরাদ্দের তারিখ	: ১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
০৮	ভোট গ্রহণের তারিখ	: ১৩-০৫-২০২৩ (শনিবার)

(ভোট গ্রহণ সময়সীমা: বিরতীহীনভাবে সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

০২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩-০৫-২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিরতীহীনভাবে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিতব্য উল্লিখিত নির্বাচনী এলাকায় বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ড এর নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে তফশিলে বর্ণিত নির্ধারিত তারিখে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর-এ এবং সহকারী কমিশনার (ভূমি), ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়, চরভদ্রাসন, ফরিদপুর-এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

০৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

(তানজিলা কবির ত্রপা)
উপজেলা নির্বাহী অফিসার
চরভদ্রাসন, ফরিদপুর

ও

রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, চরভদ্রাসন উপজেলা কমান্ড নির্বাচন ২০২২-২০২৩